



DHIS2

জাতীয় স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা ব্যবহার সহায়িকা



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



Table of Contents

১। সংক্ষিপ্ত পরিচিতি:-----	1
২। ইউজার একাউন্ট, ব্যবহার ও অনলাইন প্রশিক্ষণ:-----	1
৩। DHIS2 লগইন করার পূর্ব শর্ত-----	2
৪। DHIS2 তে লগইন/প্রবেশ করার নিয়ম -----	2
৫। Password পরিবর্তন করার নিয়ম -----	4
৬। DHIS2 তে কিভাবে ডাটা এন্ট্রি করা যায় -----	5
৭। DHIS2 তে কিভাবে ডাটা আপডেট করা যায় -----	7
৮। DHIS2 তে কিভাবে রিপোর্ট দেখা যায় -----	9
৯। PIVOT TABLE ব্যবহার করে ডাটা এনালাইসিস করা-----	11
১০। Data Visualizer ব্যবহার করে ডাটা এনালাইসিস করা -----	14
১১। DHIS2 ব্যবহার করে তথ্য ম্যাপের মাধ্যমে প্রদর্শন করা-----	17
১২। DHIS2 তে সিটি কর্পোরেশন এর জন্যে নির্বাচিত ডাটা সেট সমূহ-----	22
১৩. Maternal Health and newborn care services for Urban Areas -----	23
১৪. Child Health Service (U5)/IMCI Urban -----	24
১৫। Nutrition services and status reporting for Urban areas -----	25
১৬। DHIS2 তে Browser cache cleaning system-----	27

১। সংক্ষিপ্ত পরিচিতি:

DHIS2 স্বাস্থ্যসেবা সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহারের জন্য একটি ওপেনসোর্স সফটওয়্যার। নরওয়ের অসলো ইউনিভার্সিটি কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সহায়তায় ১৯৯৬ সালে এ সফটওয়্যারটির প্রাথমিক ভার্সন তৈরি করে। বর্তমানে বিশ্বের অনেক দেশ তাদের স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনার জন্য এটি ব্যবহার করছে। স্বাস্থ্য অধিদপ্তর ২০০৯ সাল থেকে সফটওয়্যারটির ২য় সংস্করণ (যেটি এখন DHIS2 নামে সমাধিক পরিচিত) বাংলাদেশের প্রয়োজন অনুযায়ী রূপান্তর বা কাস্টমাইজ করে সরকারী হাসপাতালগুলো থেকে স্বাস্থ্যসেবা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা শুরু করে। সফটওয়্যারটিতে লগ-ইন করে বর্তমানে দেশের সকল কমিউনিটি ক্লিনিক, বিশেষায়িত হাসপাতাল, সিটি কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি, বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক এবং এনজিও প্রদত্ত স্বাস্থ্যসেবা সংক্রান্ত তথ্যাদি (যেমন-রোগীর সংখ্যা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক উপাত্ত, অন্তঃবিভাগের প্রত্যেক রোগীর আইসিডি-১০ কোডভিত্তিক ডায়াগনসিস বা মৃত্যুর কারণসহ বিস্তারিত তথ্য, ইত্যাদি) প্রদান করে। বর্তমানে এটি বিশ্বের সর্ববৃহৎ স্বাস্থ্য-তথ্য নেটওয়ার্ক। এ নেটওয়ার্কিং দেশের স্বাস্থ্য ব্যবস্থাপনায় গতির সঞ্চার করেছে এবং স্বাস্থ্য ব্যবস্থাপকগণসহ জনগণ এর সুফল পাচ্ছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থাসহ অনেক আন্তর্জাতিক সংস্থা বাংলাদেশের স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনাকে এক অনুকরণীয় দৃষ্টান্ত হিসেবে স্বীকৃতি দিয়েছে।

সফটওয়্যারটি সম্পর্কে বিস্তারিত ধারণা পেতে আগ্রহীগণ এ ওয়েবসাইটগুলো দেখতে পারেন :

<https://docs.dhis2.org/en/home.html>

<https://www.dhis2.org/>

২। ইউজার একাউন্ট, ব্যবহার ও অনলাইন প্রশিক্ষণ:

ওয়েবভিত্তিক এ সিস্টেমে স্বতন্ত্র লগ-ইন এবং প্রদত্ত তথ্যাদির নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার জন্য প্রত্যেক প্রতিষ্ঠান তাদের নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dghs.gov.bd) এই সিস্টেমে প্রবেশের লিংক দেয়া আছে। সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতিস্থানের নিজস্ব একাউন্ট খোলার ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখায় অনুরোধ করা যেতে পারে। এছাড়া, সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের যেকোন কর্মকর্তা DHIS2 বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন বা ডেমো-সার্ভারে প্রবেশ করে স্বল্প সময়ে ও সহজে সফটওয়্যারটি সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারেন।


৩। DHIS2 লগইন করার পূর্ব শর্ত

➤ ৩.১ ওয়েব Browser টি Google Chrome হলে ভাল হয়। Google Chrome Browse টির

চিত্র নিম্নরূপ -



➤ ৩.২ Google Chrome version অবশ্যই আপডেটেড অর্থাৎ version 91 হতে হবে




➤ ৩.৩ Browser Cache Clear করে নিতে হবে, পদ্ধতি মানুষালের শেষে দেয়া আছে।

৪। DHIS2 তে লগইন/প্রবেশ করার নিয়ম

❖ ৪.১ Google Chrome ব্রাউজার Double Click করে ওপেন করি-



❖ ৪.২ ওয়েব লিংক লেখার স্থানে www.dghs.gov.bd লিখুন এবং Enter এ ক্লিক করুন।




- ❖ ৪.৩ নিম্নের ওয়েব পেজ টি ওপেন হবে | “DHIS2 Online Database” এ click করি |




- ❖ ৪.৪ DHIS2 Central এ ক্লিক করি



- ❖ ৪.৫ তবে প্রশিক্ষণ ও প্রাকটিস করার জন্য আমরা নিচের ডেমো সার্ভার এ প্রবেশ করব।




- ❖ ৪.৬ নিম্নের ওয়েব পেজ টি ওপেন হবে | User Name এবং Password দিয়ে Sign In করি




৫। Password পরিবর্তন করার নিয়ম

» ৫.১ Mouse ডানে বৃত্তাকার চিহ্নের উপরে ক্লিক করি



» ৫.২ “Account” ক্লিক করি, নিম্নের চিত্রের ন্যায় পেজ ওপেন হবে




➤ ৫.৩ Old Password একবার এবং New Password পরপর দুইবার দিয়ে UPDATE PASSWORD এ ক্লিক করি

➤ ৫.৪ পাসওয়ার্ডটি কমপক্ষে ৮ ডিজিট হতে হবে, ক্যাপিটাল, স্মল লেটার, সংখ্যা (0-9) এবং স্পেশাল ক্যারেক্টার (! @ # \$ % ^ & *) এর সংমিশ্রণ হতে হবে

৬। DHIS2 তে কিভাবে ডাটা এন্ট্রি করা যায়

❖ ৬.১ Search apps এ ক্লিক করি Data Entry এ ক্লিক করি



❖ ৬.২ নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি

The screenshot shows the DHIS2 Data Entry interface. The top bar includes the DHIS2 logo, 'National Health Information System (DHIS2) - Maternal Health', and a search bar. The left sidebar lists various data sets. The main content area is titled 'Data Entry' and shows the 'Organisation Unit' as 'DHIS2 PA S. House#11, Road#11, Sector#6, Uthara, Chaka'. The 'Data Set' is 'Urban Maternal health and newborn care Services dataset' and the 'Period' is 'January 2021'. The 'Maternal' section includes a table for 'ANC Visits received' with rows for 'Mother received ANC 1st', '2nd', '3rd', '4th', 'Normal', 'Caesarian', 'Forceps/ Vacuum Extraction', and 'Total'. The 'Death and Other Maternal Services' section includes fields for 'Maternal Death (during pregnancy/delivery/within 6 weeks of delivery)' and 'Total Neonatal (0-28 days old newborn) death'. At the bottom, there are buttons for 'Complete', 'Incomplete', and 'Run validation'.

- ✓ ১. প্রথমে বাম পাশ থেকে অরগানাইজেশন বা হেলথ ফ্যাসিলিটি নির্বাচন করতে হবে
- ✓ ২. এখানে সয়ংক্রিও ভাবে অরগানাইজেশন বা হেলথ ফ্যাসিলিটি নির্বাচিত হয়ে যাবে
- ✓ ৩. এখান থেকে আমরা আমাদের জন্য নির্বাচিত ডাটা সেট নির্বাচন করব
- ✓ ৪. পিরিয়ড থেকে আমরা রিপোর্ট মাস নির্বাচন করব
- ✓ ৫. নির্বাচিত ডাটা সেট/ফর্ম এর প্রদত্ত ডাটা ইলিমেন্ট এর বিপরীতে তথ্য এন্ট্রি করি
- ✓ ৬. তথ্য এন্ট্রি করা শেষ হলে কমপ্লিট বাটন এ ক্লিক করি। আমাদের তথ্য এন্ট্রি করা শেষ হল।
- ✓ ৭. আমাদের প্রদান করা তথ্যগুলির মধ্যে কিছু তথ্য একে ওপরের সাথে সম্পর্কযুক্ত। তথ্য এন্ট্রি করার সময়ে ভুল এড়ানোর জন্য ডাটা এন্ট্রি ফর্ম এ কিছু রুল প্রয়োগ করা হয়। যেমন IMCI ফর্ম এ "Very

Severe Disease" এ আক্রান্ত সকল শিশুদের ইনডোর বা উচ্চতর স্বাস্থ্য কেন্দ্রে রেফারেল করতে হবে - এই রুল টি প্রয়োগ করা আছে। নিচের চিত্রের উদাহরণটি লক্ষ্য করি –

Age group	0-28 Day(s)	29 Days- up to 2 Months	2 Months- up to 1 Year	1- up to 5 Year(s)	Total	Referred
	Total	Total	Total	Total	Total	Total
B. Diseases						
1. Very Severe Disease	1	1	1	1	4	2

উপরের উদাহরণে "Very Severe Disease" এ আক্রান্ত সর্বমোট শিশুদের সংখ্যা 4 এবং রেফারেল এর সংখ্যা 2, এই অবস্থায় যদি আমরা "Run validation" এ ক্লিক করি তবে নিম্নের চিত্রের ন্যায় একটি মেসেজ দেখতে পাবো। যেখানে বলা আছে ডাটা এন্ট্রি ফর্ম এ একটি validation ত্রুটি রয়েছে। অন্যথায় এটি “The data entry screen successfully passed validation” এরকম একটি মেসেজ দিবে।

Validation


Validation Result

The data entry screen has the following validation errors, please correct

Validation rule	Left side	Operator	Right side
Total IMCI Very severe disease == Referral very severe disease	4.0	==	2.0

৭। DHIS2 তে কিভাবে ডাটা আপডেট করা যায়

➤ ৭.১ Apps এ ক্লিক করি Data Entry এ ক্লিক করি




» ৭.২ নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি

- ১. যে ফ্যাসিলিটির ডাটা আপডেট করতে হবে বাম পাশ থেকে সেটি নির্বাচন করি
- ২. এখানে সময়ক্রিও ভাবে অরগানাইজেশন বা হেলথ ফ্যাসিলিটি নির্বাচিত হয়ে যাবে


- ৩. যে ডাটা সেট এর তথ্য সংশোধন করতে হবে সেটি নির্বাচন করি
- ৪. যে মাসের তথ্য সংশোধন করতে হবে সেই মাস নির্বাচন করি
- ৫. “Incomplete” বাটন এ ক্লিক করি
- ৬. ফর্ম এর তথ্য গুলো প্রয়োজন অনুযায়ী সংশোধন করি ।
- ৭. “Complete” বাটন এ ক্লিক করি, সংশোধিত তথ্য সার্ভার এ সংরক্ষণ হয়ে গেল

৮। DHIS2 তে কিভাবে রিপোর্ট দেখা যায়


- ❖ ৮.১ নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি এবং Report এ ক্লিক করি



- ❖ ৮.২ নিম্নের লেআউট থেকে Data Set Report এ ক্লিক করি




❖ ৮.৩ নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি এবং Get Report এ ক্লিক করি




- ১. যে ফ্যাসিলিটির রিপোর্ট দেখতে চাই সেটি নির্বাচন করি
- ২ যে ডাটা সেট বা রিপোর্টিং ফর্ম এর তথ্য দেখতে চাই সেটি নির্বাচন করি
- ৩. এখন থেকে নির্দিষ্ট মাসের, ত্রৈমাসিক, ষান্মাসিক, বাৎসরিক তথ্য এন্ট্রি ফরম এর আকারে কম্পাইল করে দেখার জন্যে নির্বাচন করতে হবে
- ৪. রিপোর্টিং পিরিয়ড অর্থাৎ মাস ও বৎসর নির্বাচন করি
- ৫. “GET REPORT” এ ক্লিক করি, তাহলে আমরা এন্ট্রি ফরম এর মতো রিপোর্ট দেখতে পারবো, যা প্রিন্টিং অপশন থেকে প্রিন্ট করা যাবে, পিডিএফ আকারে ডাউনলোড করা যাবে

৯। PIVOT TABLE ব্যবহার করে ডাটা এনালাইসিস করা

» ৯.১ নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি এবং “Pivot Table” এ ক্লিক করি



» ৯.২ নিম্নের লেআউটটি “Pivot Table” লেআউট| Pivot Table থেকে ট্রেন্ড এনালাইসিস, একাধিক ফ্যাসিলিটির তথ্য তুলনা করতে পারি, একটি এনালাইসিস টেবিল সেভ করে রাখতে পারি পরবর্তীতে ব্যবহারের জন্যে



➤ ৯.৩ আমরা নিম্নের টেবিল এর মতো ট্রেন্ড এনালাইসিস করবো

CRHCC PA 4, Extension Pallabi, Mirpur, Dhaka						
Data / Period	December 2020	January 2021	February 2021	March 2021	April 2021	May 2021
No. of Normal Deliveries		80	79	80	71	63
No. of Cesarean Section		9	15	12	11	18
No. of Live Births (LB)		89	94	92	82	81


➤ ৯. ৪ উপরের টেবিল এর মত এনালাইসিস করতে হলে নিম্নের সিকোয়েন্স অনুসরণ করি

DHIS 2 Pivot Tables


Step-1

The screenshot shows the DHIS 2 Pivot Tables interface. A green arrow labeled 'Step-1' points to the 'Available' list. Four green circles with numbers 1, 2, 3, and 4 highlight key steps: 1. Clicking 'Data' in the top bar; 2. Selecting '23. Urban Maternal health and newborn care Services' in the 'Data elements' dropdown; 3. Clicking the right arrow '>' to move items from 'Available' to 'Selected'; 4. Selecting 'No. of Normal Deliveries', 'No. of Cesarean Section', and 'No. of Live Births (LB)' in the 'Selected' list.


- ১. “Data” থেকে “Data element” নির্বাচন করি
- ২. “Maternal & Newborn Health” এর তথ্য দেখতে চাইলে “23. Urban Maternal health and newborn care Services” নির্বাচন করি; “Nutrition” এর তথ্য দেখতে চাইলে “24. Nutrition Services and Status Reporting for Urban areas” নির্বাচন করি; “Child Health/IMCI” এর তথ্য দেখতে চাইলে “25. Child Health services(U5)/IMCI urban Data set” নির্বাচন করি;
- ৩. বামপাশের “Available” অংশ থেকে “Normal Deliveries”, “Cesarean Section”, “Live Birth” নির্বাচন করে “>” চিহ্নের মাধ্যমে ডান পাশের “Selected” অংশে নিয়ে আসি
- ৪. সিলেক্টেড Data Element গুলো “Selected” অংশে দেখা যাচ্ছে



- ✓ ১. এখন থেকে “Monthly” নির্বাচন করি, প্রয়োজনে “Quarterly”, “Six-Monthly”, “Yearly” নির্বাচন করা যাবে
- ✓ ২. এখন January 2021 থেকে May 2021 নির্বাচন করি, যেটিকে আমরা বলি “Fixed Period”.
- ✓ ৩. 2021 এর পূর্ববর্তী যেকোনো বৎসরে যেতে হলে “Prev Year” এ ক্লিক করি
- ✓ ৪. এই অংশ থেকেও আমরা পিরিয়ড সিলেকশন করতে পারি, যাকে আমরা “Relative Period” বলি; যে তারিখে বা মাসে আমরা এনালাইসিস করবো তার উপর ভিত্তি করে এই পিরিয়ড গুলো নির্ধারণ হবে



- ১. এই অংশে আমরা আমাদের ফ্যাসিলিটি নির্বাচন করবো




- ১. “Update” button ক্লিক করবো; লেআউট কাজিত না হলে নিম্নের অপসন ২ ফলো করবো
- ২. এই লেআউট অপশন থেকে আমরা এনালাইসিস টেবিল এর সারি ও কলাম পরিবর্তন করতে পারবো

১০। Data Visualizer ব্যবহার করে ডাটা এনালাইসিস করা


- ❖ ১০.১ এই অপশন থেকে আমরা বিভিন্ন গ্রাফ বা চার্ট তৈরি করতে পারি। নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি এবং এপস থেকে “Data Visualizer” এ ক্লিক করি




- ❖ ১০.২ নিম্নের লেআউটটি “Data Visualizer” লেআউট। “Data Visualizer” থেকে গ্রাফ আকারে ট্রেন্ড এনালাইসিস, একাধিক ফ্যাসিলিটির তথ্য তুলনা করতে পারি, গ্রাফ আকারে সেভ করে রাখতে পারি পরবর্তীতে ব্যবহারের জন্যে




- ❖ ১০.৩ আমরা নিম্নের চার্ট এর মতো Newborn PNC1 and Newborn PNC2 এর ট্রেন্ড এনালাইসিস করবো




- ❖ ১০.৪ উপরের চার্ট এর মত এনালাইসিস করতে হলে নিম্নের সিকোয়েন্স অনুসরণ করি




- ১. প্রথমে আমরা “Column” এ ক্লিক করি
- ২. “Column” এ ক্লিক করার পরে, প্রায় ১২ ধরনের চার্ট টাইপ আমরা দেখতে পাবো। ১০.৩ এ উল্লেখিত চার্ট টি “Column” চার্ট। তাই আমরা “Column” চার্ট নির্বাচন করি।



- ১. প্রথমে আমরা “Data” এ ক্লিক করি, একটি “Data” উইন্ডো ওপেন হবে
- ২. এখন “Data Type” থেকে “Data element” নির্বাচন করি
- ৩. এখন “Data Element Group” থেকে “23. Urban Maternal health and newborn care Services” নির্বাচন করি
- ৪. এখন বামপাশ থেকে ডাবল ক্লিক বা অ্যারো চিহ্ন ব্যবহার করে “Newborn PNC1” এবং “Newborn PNC2” সিলেক্ট করি
- ৫. “Update” এ ক্লিক করি




- ১. এই স্টেপ এ আমরা “Period” এ ক্লিক করি, একটি “Period” উইন্ডো ওপেন হবে
- ২. এখন “Relative Period” নির্বাচন করি
- ৩. এখন “Period Type” থেকে “Months” নির্বাচন করি
- ৪. এখন বামপাশ থেকে ডাবল ক্লিক বা অ্যারো চিহ্ন ব্যবহার করে “Last 6 months” সিলেক্ট করি
- ৫. এখন “UPDATE” ক্লিক করি




- ✓ ১. এই স্টেপ এ আমরা “Organization Unit” এ ক্লিক করি, একটি “Organization Unit” উইন্ডো ওপেন হবে
- ✓ ২. Bangladesh>Division>District>City Corporation>Zone>Ward পর্যায়ক্রমে এক্সপ্যান্ড করে আমাদের নির্দিষ্ট হেলথ ফ্যাসিলিটি নির্বাচন করি
- ✓ ৩. এখন “UPDATE” ক্লিক করি; তাহলে আমরা আমাদের কাজিত চার্ট টি দেখতে পাবো; Download অপশন থেকে আমরা এটিকে image file আকারে কম্পিউটার এ সেইভ করে রাখতে পারবে

১১। DHIS2 ব্যবহার করে তথ্য ম্যাপের মাধ্যমে প্রদর্শন করা


- ১১.১ এই অপশন থেকে আমরা বিভিন্ন ধরনের ম্যাপ তৈরি করতে পারি; নিম্নের লেআউট থেকে সিকোয়েন্স অনুযায়ী ধাপ অনুসরণ করি এবং এপস থেকে “Maps” এ ক্লিক করি



» ১১.২ নিম্নের লেআউটটি “Map” লেআউট| “Map” থেকে জিওগ্রাফিক এরিয়ার তথ্য ম্যাপের মাধ্যমে তুলনা তুলনা করতে পারি




» ১১.৩ আমরা নিম্নের মতো Child Pneumonia এর ২০২০ সালের জেলাওয়াইজ বাংলাদেশের চিত্র দেখবো; এই ম্যাপের ধরন কে থিমটিক ম্যাপ বলে।



➤ ১১.৪ উপরের ম্যাপ এর মত এনালাইসিস করতে হলে Map Layout নিম্নের সিকোয়েন্স অনুসরণ করি



- ১. Dhis2 তে ৪ ধরনের ম্যাপ আছে যা আমরা উপরের চিত্রে দেখতে পাচ্ছি; এই ৪ ধরনের ম্যাপ থেকে “OSM Light” নির্বাচন করি



- ১. এই স্টেপ এ আমরা “Add layer” এ ক্লিক করি
- ২. “Thematic” এ ক্লিক করি

Add new thematic layer

DATA PERIOD ORG UNITS FILTER STYLE

Item type
Data element

Data element group
08. IMCI Old till Dec 2020

☒ Totals ☐ Details

Data element
IMCI Pneumonia

CANCEL ADD LAYER

- ✓ ১. এই স্টেপ এ আমরা “DATA” এ ক্লিক করি
- ✓ ২. “Item Type” থেকে “Data Element” নির্বাচন করি
- ✓ ৩. “Data element group” থেকে “08. IMCI Old till Dec 2020” নির্বাচন করি
- ✓ ৪. “Data element” থেকে “IMCI Pneumonia” নির্বাচন করি
- ✓ ৫. “PERIOD” এ ক্লিক করি

Add new thematic layer


DATA PERIOD ORG UNITS FILTER STYLE

Period type
Yearly


Period
2020

CANCEL ADD LAYER

- ১. এই স্টেপ এ আমরা “PERIOD” Tab এ ক্লিক করা অবস্থায় “Period type” থেকে “Yearly” সিলেকশন করি
- ২. “Period” থেকে “2020” সিলেকশন করি



- ১. এই স্টেপ এ “ORG UNITS” Tab এ ক্লিক করা অবস্থায় “Bangladesh” সিলেকশন করি
- ২. “Select levels” থেকে “District and National/Divisional level HF” সিলেকশন করি
- ৩. “UPDATE LAYER” Button ক্লিক করি; তাহলে আমরা আমাদের কাঙ্ক্ষিত ম্যাপ টি দেখতে পাবো



- ✓ ১. “STYLE” Tab এর Classes থেকে থেকে আমরা ক্লাস সংখ্যা বাড়ানো বা কমানো যায়; যেমন এখানে ৪ করে দেয়ায় ম্যাপ থিম কালার ৪টি হয়ে গেছে
- ✓ ২. এই অপশন থেকে ম্যাপ রং পরিবর্তন গুলি করা যায়
- ✓ ৩. “Lebels” এই অপশন থেকে মাপের উপরে জেলার নাম প্রদর্শন করানো যায়
- ✓ ৪. “UPDATE LAYER”এ ক্লিক করলে উপরোক্ত সেটিংস গুলো এফেক্টিভ হবে

১২। DHIS2 তে সিটি কর্পোরেশন এর জন্যে নির্বাচিত ডাটা সেট সমূহ

নিচের ৩ টি ডাটা সেট আরবান এলাকার জন্যে নির্বাচন করা হয়েছে; যা পরবর্তী পৃষ্ঠায় ফর্ম আকারে দেয়া হলো;

- 🔲 1. Maternal Health and newborn care services for Urban Areas
- 🔲 2. Child Health Service (U5)/IMCI Urban Data Set
- 🔲 3. Nutrition Services and status reporting for urban areas

১৩. Maternal Health and newborn care services for Urban Areas

Newborn care Service	
ANC Visits received	
Mother received ANC 1 (প্রথম ANC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received ANC 2 (দ্বিতীয় ANC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received ANC 3 (তৃতীয় ANC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received ANC 4+ (চতুর্থ বা তারও অধিক ANC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Normal Vaginal Delivery (স্বাভাবিক প্রসব প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Caesarean Section (সিজারিয়ান দ্বারা প্রসবকৃত মায়ের সংখ্যা)	
Forceps/ Vacuum Extraction (ফরসেপস/ভ্যাকুয়াম দ্বারা প্রসবকৃত মায়ের সংখ্যা)	
Total Delivery (সর্বমোট প্রসব/ডেলিভারির সংখ্যা)	
Live births (জীবিত শিশু জন্মের সংখ্যা)	
Still births Fresh (মৃত শিশু জন্মের সংখ্যা [ফ্রেশ])	
Still births Macerated (মৃত শিশু জন্মের সংখ্যা [ম্যাসারেটেড])	
No. of deliveries with AMTSL at facility level (AMTSL প্রাপ্ত প্রসব সংখ্যা)	
Mother received PNC 1 (প্রথম PNC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received PNC 2 (দ্বিতীয় PNC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received PNC 3 (তৃতীয় PNC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
Mother received PNC 4+ (চতুর্থ বা তারও অধিক PNC প্রাপ্ত মায়ের সংখ্যা)	
No. of pregnant mothers with obstetric complication (প্রসব জনিত জটিলতা সহ গর্ভবতী মায়ের সংখ্যা)	
No. of mother with delivery or obstetric complication referred out (প্রসব জনিত জটিলতা সহ গর্ভবতী মা রেফার্ডকৃতদের সংখ্যা)	
No. of postpartum FP method was used (প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা গ্রহণকারী মায়ের সংখ্যা)	
Total No. of low birth weight babies (all babies less than 2500 gm of weight) (কম জন্ম ওজন সহ শিশুর সংখ্যা অর্থাৎ যে সকল শিশুর ওজন ২৫০০ গ্রাম এর কম)	
Newborn care Service	
No. of newborn received drying in one minute (জন্মের ১ মিনিটের মধ্যে শুকানো হয়েছে এমন নবজাতকের সংখ্যা)	
No. of newborn received 7.1% Chlorhexidine in the umbilical cord (নানিভিতে ৭.১% ক্লোরহেক্সিডিন ব্যবহার করা হয়েছে এমন নবজাতকের সংখ্যা)	
No of newborn received skin to skin care immediate after birth (keeping the baby warm/ KMC) (মায়ের বুকে স্পর্শ করে রাখা হয়েছে এমন নবজাতকের সংখ্যা অর্থাৎ নবজাতককে উষ্ণ রাখা/KMC প্রদান করা)	
No. of newborn received counselling on delayed bath (after 3 days) (নবজাতককে দেহিতে গোসল অর্থাৎ জন্মের ৩ দিন পরে গোসলের পরামর্শ দেয়া হয়েছে এমন সংখ্যা)	
No. of newborn initiated breastfeeding within 1 hour after birth (নবজাতককে জন্মের ১ ঘণ্টার মধ্যে বকের দুধ খাওয়ানো হয়েছে এমন সংখ্যা)	
Referred to others facilities/ Referred Out (নবজাতককে অন্য কোনো স্বাস্থ্য কেন্দ্রে রেফার করা হয়েছে এমন সংখ্যা)	
Newborn received PNC 1 (প্রথম PNC প্রাপ্ত নবজাতকের সংখ্যা)	
Newborn received PNC 2 (দ্বিতীয় PNC প্রাপ্ত নবজাতকের সংখ্যা)	
Newborn received PNC 3 (তৃতীয় PNC প্রাপ্ত নবজাতকের সংখ্যা)	
Newborn received PNC 4+ (চতুর্থ বা তারও অধিক PNC প্রাপ্ত নবজাতকের সংখ্যা)	
Death and Other Maternal Services	
Maternal Death (during pregnancy/delivery/within 6 weeks of delivery) (মাতৃ মৃত্যু গর্ভকালীন সময়ে/প্রসবকালীন সময়ে/প্রসব পরবর্তী ৬ সপ্তাহের মধ্যে)	
Total Neonatal (0-28 days old newborn) death (নবজাতকের মৃত্যু ০-২৮ দিন এর মধ্যে)	

১৪. Child Health Service (U5)/IMCI Urban

Data Element	0-28 days	29 days – 2 months	2 months – 1 year	1 year – 5 years	Total	Referred
A. Child						
1. Boy (ছেলে)						
2. Girl (মেয়ে)						
Total						
B. Diseases						
1. Very Severe Disease (তীব্র মারাত্মক রোগ)						
2. Pneumonia (নিউমোনিয়া)						
3. No Pneumonia (Cough or Cold) (নিউমোনিয়া নয় কিন্তু সাধারণ সর্দি কাশি)						
4. Diarrheal Diseases (ডায়রিয়া)						
5. Fever-malaria (ম্যালেরিয়া জ্বর)						
6. Fever-no malaria (জ্বর কিন্তু ম্যালেরিয়া নয়)						
7. Fever-malaria Unlikely (ম্যালেরিয়া লক্ষণ যুক্ত জ্বর)						
8. Measles (হাম)						
9. Ear problem (কানে সমস্যা)						
10. Drowning (পানিতে ডোবা)						
11. Child Injury (শিশুদের আঘাত জনিত সমস্যা)						
12. Pus draining from Umbilicus (শিশুদের নাভি পাকা)						
13. Other Diseases (শিশুদের অন্যান্য রোগ)						

১৫। Nutrition services and status reporting for Urban areas

Target						
	0-5 months		6-23 months		24-59 months	
	Male	Female	Male	Female	Male	Female
Targets for children শিশুর লক্ষ্যমাত্রা						
				No.		
Targets for Pregnant women গর্ভবতী মহিলার লক্ষ্যমাত্রা						
	10 to 14 y		15 to 19 y			
	Male	Female	Male	Female		
Targets for Adolescents কিশোর-কিশোরী লক্ষ্যমাত্রা						

A. Children under-five years								
	0-5 months		6-23 months		24-59 months		Referred	
Nutritional Status Screening	Male	Female	Male	Female	Male	Female	Male	Female
Number of children measured for birth weight within 72 hours of birth কতজন শিশুর (জন্মের ৭২ ঘণ্টার মধ্যে) জন্ম ওজন নেয়া হয়েছে								
Low birth weight (within 72 hours wt<2.5 kg) কম জন্ম ওজনের শিশুর সংখ্যা (জন্মের ৭২ ঘণ্টার মধ্যে <২.৫ কেজি)								
No. of children (0-5 m) exclusively breastfed until 6 months of age শুধুমাত্র বুকের দুধ খাওয়ানো শিশুর সংখ্যা (০-৬ মাস)								
No. of children fed 4 or more food groups (6-23 months) ৪ বা ততোধিক ধরনের খাবার খাওয়ানো শিশুর সংখ্যা (৬-২৩ মাস)								
No. of children (0-59 m) measured for weight and plotted for GMP ওজন পরিমাপ কৃত ও জি এম পির জন্য প্লটকৃত শিশুর সংখ্যা (০-৫৯ মাস)								
No. of children (0-59 months) identified as underweight (WAZ <-2SD) (moderate & severe) কম ওজন (Underweight) চিহ্নিত শিশুর সংখ্যা (WAZ <-2SD) (মাঝারি ও মারাত্মক)								
No. of children (0-59 m) measured for height/length and plotted for GMP উচ্চতা / দৈর্ঘ্য পরিমাপ কৃত ও জি এম পির জন্য প্লটকৃত শিশুর সংখ্যা (০-৫৯ মাস)								
No. of children (0-59 months) identified as stunted (Low HAZ <-2SD) (moderate & severe) খর্বকায় (Stunting) চিহ্নিত শিশুর সংখ্যা (HAZ <-2SD) (মাঝারি ও মারাত্মক)								
No. of children (6-59 m) screened for wasting (by MUAC, WHZ, Oedima, complications) মুয়াক, ইডিমা ও Weight for Height Z score দ্বারা স্ক্রিনিং কৃত শিশুর সংখ্যা (৬-৫৯ মাস)								
No. of children (6-59 m) identified as moderate wasted - MAM (WHZ <-2SD to -3SD / MUAC <12.5cm to 11.5cm) মাঝারি তীব্র অপুষ্টি (কৃশকায়) চিহ্নিত শিশুর সংখ্যা (৬-৫৯ মাস) (WHZ <-2SD to -3SD / মুয়াক <১২.৫-১১.৫)								
No. of Children (6-59 m) identified as severe wasted - SAM (WHZ <-3SD / MUAC <11.5 cm) মারাত্মক তীব্র অপুষ্টি (কৃশকায়) চিহ্নিত শিশুর সংখ্যা (৬-৫৯ মাস) (WHZ <-3SD / মুয়াক <১১.৫)								
No. of children (6-59 m) identified as Severe wasted-SAM with complications (oedima &/or others) জটিলতাসহ মারাত্মক তীব্র অপুষ্টি (কৃশকায়) চিহ্নিত শিশুর সংখ্যা (৬-৫৯ মাস) (ইডিমা এবং অথবা অন্য জটিলতা - নিরদেশিকা অনুযায়ী)								
No. of children (6-59 m) admitted at the SAM unit for in-patient management (out of those identified & referred) চিকিৎসা কেন্দ্রে ভর্তিকৃত তীব্র মারাত্মক অপুষ্টিতে (SAM) আক্রান্ত রোগীর সংখ্যা (রেফারকৃতদের মাঝে)								
No. children (0-59 m) identified as overweight (WAZ + 2SD) অতিরিক্ত ওজনসহ শিশুর সংখ্যা (০-৫৯ মাস)								


	0 - 5 months		6 - 23 months	
Counselling Services	Male	Female	Male	Female
No. of caregiver of (0-5 m children) counselled on IYCF (exclusive breastfeeding practices until 6 m) (this is linked to No. attended PNC & GMP services) at the PHC কত জনকে PHC তে (০-৬ মাস) পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর (IYCF) ব্যাপারে পরামর্শ দেয়া হয়েছে				
No. of caregiver of (0-5 m children) counselled/raised awareness on IYCF (exclusive breastfeeding practices until 6 m) at the community কত জনকে কমিউনিটিতে (০-৬ মাস) পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর (IYCF) বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে				
No. of caregiver of (6-23 m children) counselled on IYCF (age appropriate complementary feeding along with continuation of breastfeeding practices) (this is linked to GMP) at the PHC/Satellite কত জনকে PHC তে (৬-২৩ মাস) পর্যন্ত মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবার প্রদান করা (IYCF) বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে				
No. of caregiver of (6-23 m children) counselled/raised awareness on IYCF (age appropriate complementary feeding along with continuation of breastfeeding practices) at the community কত জনকে কমিউনিটিতে (৬-২৩ মাস) পর্যন্ত মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবার প্রদান করা (IYCF) বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে				

B. Pregnant and Caregiver of Infants & Young Children	
Nutritional Status Screening & Supplementations	No.
No. of pregnant women weighed for pregnancy weight gain monitoring কতজন গর্ভবতী মহিলার গর্ভাবস্থায় ওজন নেয়া হয়েছে	
No. of pregnant women did not have expected weight gain কতজন গর্ভবতী মহিলার গর্ভাবস্থায় আশানুরূপ ওজন বাড়েনি	
No. of pregnant women received IFA (≥ 30) কতজন গর্ভবতী মহিলাকে ৩০ বা তার বেশি IFA ট্যাবলেট দেয়া হয়েছে	
No. of lactating mothers received IFA (≥ 30) কতজন দুগ্ধদানকারী মাকে ৩০ বা তার বেশি IFA ট্যাবলেট দেয়া হয়েছে	
No. of lactating women received Vit-A supplement (within 42 days of delivery) কতজন দুগ্ধদানকারী মাকে Vit-A Capsule দেয়া হয়েছে (শিশুর জন্মের ৪২ দিনের মধ্যে)	
Counselling Services	No.
No. of pregnant women received maternal nutrition counselling at PHC কতজন গর্ভবতী মহিলাকে PHC তে Maternal nutrition বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে	
No. of pregnant women received maternal nutrition counselling at Community কতজন গর্ভবতী মহিলাকে কমিউনিটিতে Maternal nutrition বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে	
No. of lactating mother (caregiver of 0-5 m old children) received maternal nutrition counselling at PHC কতজন দুগ্ধদানকারী মাকে PHC তে Maternal nutrition বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে	
No. of lactating mother (caregiver of 0-5 m old children) received maternal nutrition counselling at community কতজন দুগ্ধদানকারী মাকে কমিউনিটিতে Maternal nutrition বিষয়ে পরামর্শ দেয়া হয়েছে	

C. Adolescents				
	10 to 14 y		15 to 19 y	
	Male	Female	Male	Female
No. of adolescents received nutrition education কতজন কিশোর-কিশোরী পুষ্টি শিক্ষা পেয়েছে				
No. of adolescent girls received IFA কতজন কিশোরী IFA পেয়েছে				

১৬। DHIS2 তে Browser cache cleaning system

স্টেপ ০১: প্রথমে DHIS2 এ লগইন করি এরপরে নিচের চিত্র অনুযায়ী নির্দেশনা মেনে কাজ করি :



স্টেপ ০২: ক্লিক “Select all”. সকল আইটেম সিলেক্ট হয়ে গেলে “ Clear ” বাটন এ ক্লিক করি.

